গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২০

# সূচিপত্র


| বিবরণ | পৃষ্ঠা |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| সংস্থার (বীজ প্রত্যয়ন এজেন্সির) কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: সংস্থার রূপকল্প,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী | ৫ |
| সেকশন ২: বীজ প্রত্যয়ন এজেন্সির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১১ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms) | ১৩ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৪-১৫ |
| সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য বিভাগ / অধিদপ্তর / সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর / সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে –

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## বীজ প্রত্যয়ন এজেন্সির কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the performance of Seed Certification Agency)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সকল ফসলের বীজের উৎকর্ষ মান নিশ্চিতকরণই বীজ প্রত্যয়ন এজেন্সির প্রধান কাজ। বিগত ৩ বছরে নোটিফাইড ফসলের ১,২২,৫০৬ হেক্টর বীজ ফসলের মাঠ প্রত্যয়ন করা হয়েছে যার আওতায় উৎপাদিত বীজের পরিমান ছিল ৩,৮৭,৩৭৯ মে.টন । জাতীয় ও আঞ্চলিক বীজ পরীক্ষাগারে ১৬,১০১টি বীজ নমুনার বিশুদ্ধতা, আর্দ্রতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করা হয়েছে। ইন্টারন্যাশনাল সীড টেস্টিং এসোসিয়েশন (ISTA) হতে প্রেরিত বীজ নমুনা সংস্থার বীজ পরীক্ষাগারে সফলতার সাথে পরীক্ষা করা হচ্ছে। বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বীজ আইনের উপর ২২৪০ জন কর্মকর্তা/কর্মচারী, বীজ ডিলার ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৩ বছরে নতুন জাতের অবমুক্তির জন্য ডিইউএস পরীক্ষা সম্পাদন করা হয়েছে এবং বীজ প্রত্যয়ন এজেন্সি'র সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ড ধানের ২৩টি, পাটের ২টি, গমের ৪টি, আলুর ১৮টি, আখের ২টি, কেনাফ ১টি এবং মেস্তার ১টি ইনব্রিড জাত অবমুক্ত করে এবং ধানের ৪২টি হাইব্রিড জাত নিবন্ধন করে। এ ছাড়াও বিগত ৩ বছরে মোট ৫৩২১টি (ধানের ৩৩৩১টি, পাটের ৪৩১টি, গমের ৭৪২টি ও আলুর ৮১৭টি) বীজ লটের প্রি-পোষ্ট কন্ট্রোল গ্রো আউট টেস্ট করে বীজের কৌলিক বিশুদ্ধতা যাচাই করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সরকারি ও বেসরকারি উদ্যোগে বর্তমানে চাহিদার শতকরা ২৬ ভাগ মানসম্পন্ন বীজ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বীজমান নিশ্চিত করার লক্ষ্যে বাজারজাতকৃত মানঘোষিত (টিএলএস) বীজের মনিটরিং জোরদারকরণ। নমুনা সংগ্রহের পর হতে বীজ প্যাকেটিং পর্যন্ত সময়ে সংশ্লিষ্ট বীজ লট, বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে থাকায় প্রতারণার সম্ভাবনা থাকে। প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রধান কর্যালয়, আঞ্চলিক ও জেলা পর্যায়ের অফিস ও বীজ পরীক্ষাগার সমূহে শূন্য পদে কর্মকর্তা পদায়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল ফসলের সকল শ্রেণির বীজ প্রত্যয়নের আওতায় আনায়নের উদ্যোগ গ্রহণ। সকল ফসলের শতভাগ মানসম্পন্ন বীজ উৎপাদনের প্রয়োজনীয় প্রত্যয়ন সেবা প্রদান ।বীজের মান নিয়ন্ত্রণ কার্যক্রম শক্তিশালীকরণ, বীজ বাজারজাত ও বিক্রয় কার্যাদির মনিটরিং জোরদারকরণ। বীজ আইন অনুযায়ী আমদানীকৃত বীজের মান নিশ্চিতকরণ। নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হওয়ার কারণে জাত প্রত্যাহারের বিষয়ে জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান। প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রত্যয়ন এজেন্সিকে "বীজ প্রত্যয়ন অধিদপ্তর" হিসেবে গঠন, বিসিএস (কৃষি): বীজ প্রত্যয়ন ক্যাডার সৃষ্টি এবং বীজ প্রত্যয়ন অধিদপ্তর এর পদ সৃজনের জন্য উদ্যোগ গ্রহণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

* ডিইউএস ও ভিসিইউ টেষ্টের মাধ্যমে উচ্চফলনশীল এবং লবণাক্ততা, খরা ও বন্যা সহিষ্ণু জাতসহ ধান, গম, পাট,
* আলু ও আখের জাত পরীক্ষাকরণ ও ছাড়করণের জন্য সুপারিশ প্রণয়ন;
* বীজ খাতে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০০ জনকে বীজ প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
* ধান, পাট, গম ও আলু ফসলের মোট ১৪৪০০০মে.টন বীজ প্রত্যয়নপ্রদান;
* বীজ পরীক্ষাগারের প্রত্যয়নাধীন ৫৭০০টি বীজ নমুনা ও কৃষক পর্যায়ের ৪০০০টি বীজ নমুনা পরীক্ষাকরণ;
* বীজ ডিলারের দোকান পরিদর্শন পূর্বক ২০০০টি মার্কেট মনিটরিং নমুনা পরীক্ষা করে বাজারজাতকৃত বীজের মান যাচাইকরণ; এবং
* ব্রিডার, ভিত্তি ও প্রত্যয়িত শ্রেণির মোট ২.০ কোটি প্রত্যয়ন ট্যাগ বিতরণ।

# সেকশন ১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision) :

মানসম্পন্ন বীজের নিশ্চয়তা

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

উচ্চ গুণাগুণ সম্পন্ন ও প্রতিকুলতা সহিষ্ণু জাতের মানসম্পন্ন বীজ উৎপাদনে ও বিতরণে উৎপাদনকারীদের প্রত্যয়ন সেবা প্রদান এবং মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বীজের মান নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

#### ১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মানসম্পন্ন বীজের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি।
২. ফসলখাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।
৩. বীজ উদ্যোক্তা সৃজন।
৪. কর্মব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী

১. বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, শোধন এবং মান নিয়ন্ত্রণ সম্পর্কে বীজ উৎপাদকদের পরামর্শ প্রদান;
২. পরিদর্শন ও বীজ পরীক্ষার মাধ্যমে উৎপাদিত ও বাজারজাতকৃত বীজের মান নিয়ন্ত্রণের দায়িত্ব পালন;
৩. জাতীয় বীজ বোর্ডের ব্যবহারের জন্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ক ডাটা ও তথ্য সংগ্রহ করা;
৪. নিয়ন্ত্রিত ফসলের ব্রিডার, ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণীর বীজ প্রত্যয়ন করা;
৫. সম্পদের প্রতুলতা সাপেক্ষে বীজ কোম্পানী/প্রতিষ্ঠানকে বীজ প্রত্যয়ন সেবা প্রদান;
৬. নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ণ ও ছাড়করণ কার্যাদির সমন্বয় সাধন;
৭. নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হওয়ার কারণে জাত প্রত্যাহারের বিষয়ে জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;
৮. কৃষক পর্যায়ে উন্নত বীজ ব্যবহার ও বর্ধন কাজে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে সহায়তা করা;
৯. সারাদেশ থেকে মানঘোষিত বীজের নমুনা সংগ্রহ করা এবং যথাযথ পরীক্ষার মাধ্যমে ঘোষিতমান যাচাই করা; এবং
১০. বিদ্যমান বীজ আইন ও বীজবিধির বিধানসমূহ প্রয়োগ করা এবং অপরাধীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

## সেকশন ২

# বীজ প্রত্যয়ন এজেন্সির কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৭-২০১৮ | *প্রকৃত অর্জন ২০১৮-২০১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | | |
| মানসম্পন্ন বীজের সহজলভ্যতা | প্রত্যায়িত বীজ | মেট্রিক টন | ১৪৫১৬১ | ১৫৬৭৭১ | ১৪৪০০০ | ১৫১০০০ | ১৫৮০০০ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | প্রত্যয়নের জন্য পরীক্ষিত বীজ | সংখ্যা | ৫৬৫৬ | ৫৭৭২ | ৫৭০০ | ৬২০০ | ৬৭০০ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | প্রত্যায়িত বীজ মাঠ | হেক্টরে | ৪১২৫৩ | ৩৯৫০০ | ৪০৮০০ | ৪১০০০ | ৪১০০০ | বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | গ্রো-আউট পরীক্ষাকৃত বীজ লট | সংখ্যা | ১৮৩৯ | ১৮৮৩ | ১৮৫০ | ১৯০০ | ১৯০০ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি,বেসরকারী বীজ কোম্পানীসমূহ। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | সরবরাহকৃত প্রত্যয়ন ট্যাগ | সংখ্যা (লক্ষ) | ২৬৪ | ১৫৫ | ১৯০ | ২০০ | ২০০ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি,বেসরকারীবীজ কোম্পানীসমূহ। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | পরীক্ষাকৃত হাইব্রিড জাত | সংখ্যা | ৫১ | ৮৭ | ৬০ | ৬২ | ৬৮ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |
| | ডিইউএস পরীক্ষাকৃত জাত | সংখ্যা | ১৪৩ | ১৭৩ | ১৪২ | ১৪৫ | ১৪৫ | NARS ভুক্ত গবেষণা প্রতিষ্ঠান সমূহ, বিএডিসি, বেসরকারী বীজ কোম্পানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জাতীয় বীজ বোর্ড। | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন |

* সাময়িক তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (মোট মান-৭৫)

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান (২০১৯-২০) | | | | | প্রক্ষেপন ২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর / সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। মানসম্পন্ন বীজের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি | ৪৫ | ১.১ মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের প্রত্যয়ন প্রদান। | ১.১.১ প্রত্যায়িত বীজ | মে:টন | ১০ | ১৪৫১৬১ | ১৫৬৭৭১ | ১৪৪০০০ | ১৪২৫০০ | ১৪১০০০ | ১৩৯৫০০ | ১৩৮০০০ | ১৫১০০০ | ১৫৮০০০ |
| | | ১.২ বীজ ফসলের মাঠ প্রত্যয়ন | ১.২.১ প্রত্যয়নকৃত জমি | হেক্টর | ১০ | ৪১২৫৩ | ৩৯৫০০ | ৪০৮০০ | ৪০০০০ | ৩৯২০০ | ৩৮২০০ | ৩৭৪০০ | ৪১০০০ | ৪১০০০ |
| | | ১.৩ বীজ মান পরীক্ষা | ১.৩.১ পরীক্ষিত বীজ নমুনা | সংখ্যা | ০৭ | ৫৬৫৬ | ৫৭৭২ | ৫৭০০ | ৫৫০০ | ৫৩০০ | ৫২০০ | ৫১৫০ | ৬২০০ | ৬৭০০ |
| | | ১.৪ জাতের বিশুদ্ধতা পরীক্ষা | ১.৪.১ গ্রো-আউট পরীক্ষাকৃত বীজ লট | সংখ্যা | ০৬ | ১৮৩৯ | ১৮৮৩ | ১৮৫০ | ১৮০০ | ১৭৫০ | ১৭০০ | ১৬৫০ | ১৯০০ | ১৯০০ |
| | | ১.৫ বাজার জাতকৃত বীজের মান যাচাই | ১.৫.১ বাজার পরিবীক্ষণ | সংখ্যা | ০৩ | ২৪৮২ | ২৯৬৬ | ২০০০ | ১৬৫০ | ১৫০০ | ১৩৫০ | ১২০০ | ২১০০ | ২২০০ |
| | | | ১.৫.২ পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ০২ | ৮ | ৫ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | ১.৬ কৃষক পর্যায়ে সংরক্ষিত বীজের মান যাচাই | ১.৬.১ পরীক্ষিত বীজ নমুনা | সংখ্যা | ০৩ | ৮৭০৬ | ৬৪৭২ | ৪৫০০ | ৩৭৫০ | ৩৫০০ | ৩২৫০ | ৩০০০ | ৫০০০ | ৫৫০০ |
| | | ১.৭ প্রত্যয়ন ট্যাগ মুদ্রন ও বিতরন | ১.৭.১ সরবরাহকৃত প্রত্যয়ন ট্যাগ | সংখ্যা (লক্ষ) | ০৪ | ২৬৪ | ১৫৫ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ২০০ | ২০০ |
| ২. ফসল খাতে উৎপাদন ও উৎপাদন শীলতা বৃদ্ধি। | ২৫ | ২.১ কৃষক পর্যায়ে উদ্ভাবিত জাত ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | ২.১.১ ডিইউএস পরীক্ষাকৃত জাত | সংখ্যা | ০৪ | ১৪৩ | ১৭৩ | ১৪২ | ১৪০ | ১৩৮ | ১৩৬ | ১৩৪ | ১৪৫ | ১৪৫ |

* সাময়িক তথ্য

## সেকশন ৩ (চলমান) কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (মোট মান-৭৫)

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান (২০১৯-২০) অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপন ২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ২. ফসল খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি। | | ২.১ কৃষক পর্যায়ে উদ্ভাবিত জাত ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | ২.১.২ ভিসিইউ পরীক্ষাকৃত জাত | সংখ্যা | ০৪ | ২৪ | ২৬ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৫ | ২৫ |
| | | | ২.১.৩ পরীক্ষাকৃত হাইব্রিড জাত | সংখ্যা | ০৩ | ৫১ | ৮৭ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৫২ | ৬২ | ৬৮ |
| | | | ২.১.৪ প্রশিক্ষিত অংশীজন | সংখ্যা | ০৪ | ৩৩২৯ | ১৮৩০ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ২১০০ | ২২০০ |
| | | | ২.১.৫ সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ০৪ | ১২ | ৮ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১৩ |
| | | | ২.১.৬ মাঠ দিবস ও চাষী র‍্যালী | সংখ্যা | ০২ | - | ৩ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | ২.২ বীজ আইন ও বীজ প্রযুক্তি বিষয়ক প্রকাশনা | ২.২.১ প্রকাশিত ও বিতরণকৃত বুলেটিন | সংখ্যা | ০২ | ১০০০০ | ১২৫০০ | ১৫০০০ | ১৩০০০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০ | ২০০০০ | ২৫০০০ |
| | | | ২.২.২ প্রকাশিত ও বিতরণকৃত বার্ষিক প্রতিবেদন | সংখ্যা | ০২ | ৪০০ | ৪০০ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৪৫০ | ৫০০ |
| ৩. বীজ উদ্যোক্তা সৃজন। | ০৩ | ৩.১ বীজ ব্যবসার উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান। | ৩.১.১ সহায়তাপ্রাপ্ত বীজ ব্যবসার উদ্যোক্তা | সংখ্যা | ০৩ | ২৮৭ | ৩৩৪ | ২৬০ | ২৫০ | ২৩৭ | ২২৫ | ২১২ | ২৬৫ | ২৭০ |
| ৪. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন | ০২ | ৪.১ মানব সম্পদ ব্যবস্থাপনা | ৪.১.১ প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ০২ | ৩২০ | ৪২০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৬৫০ | ৭০০ |

* সাময়িক তথ্য

## সেকশন ৩ (চলমান) দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ % | ৯০ % | ৮০ % | ৭০ % | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০ % | ৮০ % | ৭০ % | ৬০ % | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [২.১] দপ্তর/ সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/ সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১ মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [২.৩] দপ্তর/ সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর, ২০১৯ | ২০ অক্টোবর, ২০১৯ | ২৪ অক্টোবর, ২০১৯ | ২৮ অক্টোবর, ২০১৯ | ৩০ অক্টোবর, ২০১৯ |
| | | | [২.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | [২.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | [২.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগষ্ট, ২০১৯ | ২০ আগষ্ট, ২০১৯ | ২৪ আগষ্ট, ২০১৯ | ২৮ আগষ্ট, ২০১৯ | ৩০ আগষ্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/ বিটিসিএল- এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.৩] বিদ্যুত বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, কৃষি মন্ত্রনালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রনালয় এর প্রতিনিধি হিসাবে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

| | |
|---|---|
| পরিচালক<br>বীজ প্রত্যয়ন এজেন্সি | ২০-০৬-২০১৯.<br>তারিখ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | ২০।০৬।১৯<br>তারিখ |

## সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms)

| শব্দসংক্ষেপ | বিবরন |
|---|---|
| DUS | Distinctness Uniformity & Stability |
| NARS | National Agricultural Research System |
| ISTA | International Seed Testing Association |
| VCU | Value for Cultivation & Uses |
| বিএডিসি | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ব্রি | বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট |
| বারি | বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউট |
| বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষনা ইনস্টিটিউট |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১.১ মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের প্রত্যয়ন প্রদান। | ১.১.১ প্রত্যায়িত বীজ | মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বীজ মাঠ পরিদর্শন, মাঠ প্রত্যয়ন, বীজ পরীক্ষা ও প্রত্যায়িত বীজের প্রত্যয়নট্যাগ সরবরাহ করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সির জেলা কার্যালয় সমুহ | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন | |
| ২ | ১.২ বীজ ফসলের মাঠ প্রত্যয়ন | ১.২.১ প্রত্যয়নকৃত জমি | মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বীজ মাঠ পরিদর্শন, মাঠ প্রত্যয়ন প্রদান এবং মাঠমান (Field Standard) ঘোষনা করা হয়। | | | |
| ৩ | ১.৩ বীজমান পরীক্ষা | ১.৩.১ পরীক্ষিত বীজ নমুনা | মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বীজ গুদাম হতে নমুনা সংগ্রহ পূর্বক পরীক্ষাগারে বীজ পরীক্ষা করা হয় এবং বীজমান (Seed Standard) ঘোষনা করা হয়। | | | |
| ৪ | ১.৪ জাতের বিশুদ্ধতা পরীক্ষা | ১.৪.১ গ্রোআউট পরীক্ষাকৃত বীজ লট | বিভিন্ন বীজ উৎপাদন ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের ইতো পূর্বে বাজারজাতকৃত বীজের নমুনা হতে মাঠে ফসল উৎপাদনের মাধ্যমে উক্ত বীজলটের জাতের কৌলিক বিশদ্ধতা যাচাই করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সি | | |
| ৫ | ১.৫ বাজার জাতকৃত বীজের মান যাচাই | ১.৫.১ বাজার পরিবীক্ষণ | বাজার হতে বীজের নমুনা সংগ্রহ পূর্বক পরীক্ষাগারে বীজ পরীক্ষা করা হয় এবং বীজ নিম্নমানের হলে বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরূদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সির জেলা কার্যালয় সমুহ | | |
| | | ১.৫.২ পরিচালিত মোবাইল কোর্ট | ভেজাল বীজ প্রতিরোধে এবং বীজ নিম্নমানের হলে বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরূদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। | | | |
| ৬ | ১.৬ কৃষক পর্যায়ে সংরক্ষিত বীজের মান পরীক্ষা | ১.৬.১ পরীক্ষিত বীজ নমুনা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অথবা কোন কৃষকের আবেদনের প্রেক্ষিতে ফি প্রদান স্বাপেক্ষে পরীক্ষাগারে বীজ পরীক্ষাকরে ফলাফল দেয়া হয়। | | | |
| ৭ | ১.৭ প্রত্যয়ন ট্যাগ মুদ্রন ও বিতরন | ১.৭.১ সরবরাহকৃত প্রত্যয়ন ট্যাগ | মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজের উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে মাঠমান ও বীজমান NSB কর্তৃক নির্ধারিত মান বজায় থাকলে প্রত্যয়ন ট্যাগ সরবরাহ করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সি | NSB কর্তৃক নির্ধারিত মাঠ মান ও বীজ মান | |

## সংযোজনী-২: (চলমান)

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৮ | ২.১ কৃষক পর্যায়ে উদ্ভাবিত জাত ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি | ২.১.১ ডিইউএস পরীক্ষাকৃত জাত | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত জাতের পরীক্ষণ প্লট স্থাপন ও মূল্যায়ন করা হয়। | বীজ প্রত্যয়ন এজেন্সি | বীজ প্রত্যয়ন এজেন্সির বার্ষিক প্রতিবেদন | |
| | | ২.১. ২ ভিসিইউ পরীক্ষাকৃত জাত | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত জাতের পরীক্ষণ প্লট স্থাপন ও মূল্যায়ন করা হয়। | | | |
| | | ২.১.৩ পরীক্ষাকৃত হাইব্রিড জাত | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত হাইব্রিড জাতের পরীক্ষণ প্লট স্থাপন ও মূল্যায়ন করা হয়। | | | |
| | | ২.১.৪ প্রশিক্ষিত অংশীজন | বীজ প্রযুক্তি, বীজ প্রত্যয়ন কার্যক্রম, বীজ আইন ও বীজ বিধির উপর বীজ উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হয়। | | | |
| | | ২.১.৫ সেমিনার/ওয়ার্কশপ | বীজ প্রযুক্তি, বীজ প্রত্যয়ন কার্যক্রম, বীজ আইন ও বীজ বিধির উপর বীজ উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানের অংশ গ্রহণের ভিত্তিতে মতামত ও সিদ্ধান্ত গ্রহন করা হয়। | | | |
| | | ২.১.৬ মাঠ দিবস ও চাষী র‍্যালী | বিভিন্ন বীজ উৎপাদন ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের ইতো পূর্বে বাজারজাতকৃত বীজের নমুনা হতে মাঠে ফসল উৎপাদনের মাধ্যমে উক্ত বীজলটের জাতের কৌলিক বিশদ্ধতা সম্পর্কে ধারণা প্রদানের জন্য মাঠ দিবসের অয়োজন করা হয়। | | | |
| ৯ | ৩.১ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান। | ৩.১.১ সহায়তাপ্রাপ্ত বীজ ব্যবসার উদ্যোক্তা | বীজ ব্যবসায়ী ওবীজব্যবসার উদ্যোক্তদের বীজপ্রত্যয়ন কার্যক্রমের জন্য প্রযুক্তি সহায়তা প্রদান করা। | | | |
| ১০ | ৪.১ মানবসম্পদ ব্যবস্থাপনা | ৪.১.১ প্রশিক্ষিত জনবল | সংস্থার কর্মকর্তাদের আভ্যন্তরিন প্রশিক্ষণ | | | |

## সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান বিভাগ/অধিদপ্তর/সংস্থা এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে বীজ প্রত্যয়ন এজেন্সির প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান | বিএডিসি | প্রত্যায়িত বীজ | যথা সময়ে বীজ প্রত্যয়নের আবেদন | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে বিএডিসি এর নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর প্রত্যায়িত বীজের উৎপাদন নির্ভর করে। | ৬০% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |
| বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান | বেসরকারী বীজ কোম্পানী সমূহ | প্রত্যায়িত বীজ | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে কোম্পানী সমূহের নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর প্রত্যায়িত বীজের উৎপাদন নির্ভর করে। | বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে কোম্পানী সমূহের নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর প্রত্যায়িত বীজের উৎপাদন নির্ভর করে। | ৪০% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |
| NARS ভূক্ত প্রতিষ্ঠান | ব্রি/ বারি/ বিজেআরআই | প্রত্যায়িত বীজ | যথা সময়ে মৌল বীজ প্রত্যয়নের আবেদন | মৌল বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে ব্রি/ বারি /বিজেআরআই এর নিকট হতে প্রত্যয়ন চাহিদার উপর মৌল বীজের উৎপাদন নির্ভর করে। | ১০০% | মান সম্পন্ন বীজ উৎপাদন ব্যহত হবে। |